



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

২২ জানুয়ারি' ২০২৪ খ্রি.

বীর মুক্তিযোদ্ধা ডাঃ ললিতের নামে সড়কের নামকরণ করল চসিক

বীর মুক্তিযোদ্ধা ডাঃ ললিত কুমার দত্তের নামে নামকরণ করা সড়কের উদ্বোধন করেছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

সোমবার নগরীর সদরঘাট দক্ষিণ নালাপাড়ায় এ সড়কের উদ্বোধন করেন মেয়র রেজাউল এবং চট্টগ্রাম-১১ আসনের সংসদ সদস্য এম এ লতিফ।

এসময় মেয়র রেজাউল বলেন, কয়েক বছর পর আমি বা কোন মুক্তিযোদ্ধাই বেঁচে থাকবনা। তাই আমি সিদ্ধান্ত নিয়েছি যদের আত্মত্যাগে দেশ স্বাধীন হয়েছে তাদের স্মৃতিকে চিরঞ্জীব রাখতে বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক ও স্থাপনার নাম মুক্তিযোদ্ধাদের নামে নামকরণ করব।

সংসদ সদস্য এম এ লতিফ বলেন, চট্টগ্রাম প্রধানমন্ত্রী শেখ হাসিনা চট্টগ্রামের উন্নয়নে যে পরিকল্পনা গ্রহণ করেছেন তা বাস্তবায়নে অঙ্গী ভূমিকা পালন করছেন বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী। আমরা মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বৃদ্ধ হয়ে, মুক্তিযুদ্ধের আদর্শে অনুপ্রাণিত হয়ে বঙ্গবন্ধুর অসমাঞ্ছ স্বপ্ন বাস্তবায়নে কাজ করছি।

এসময় আরো উপস্থিত ছিলেন চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগের বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক মশিউর রহমান চৌধুরী, ক্রীড়া বিষয়ক সম্পাদক দিদারুল আলম দিদার, কাউপিল আতাউল্লাহ চৌধুরী, আবদুস সালাম মাসুম, সদরঘাট থানা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা জাহাঙ্গীর আলম, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ চট্টগ্রাম মহানগর ইউনিট কমান্ডার বীর মুক্তিযোদ্ধা মোজাফফর আহমদ, ডাঃ ললিত কুমার দত্তের সন্তান রনি দত্ত, চসিকের তত্ত্বাবধায়ক প্রকৌশলী জসিম উদ্দিন চৌধুরী, নির্বাহী প্রকৌশলী আশিকুল ইসলামসহ ৩০ নং, ২৯ নং ও ৩১ নং ওয়ার্ড আওয়ামী লীগ, যুবলীগ ও ছাত্রলীগের নেতৃত্বন্দ।

ডাক্তার ললিত কুমার দত্ত ছিলেন চট্টগ্রামের খ্যাতিমান নাক কান গলা বিশেষজ্ঞ। ডাঃ ললিত কুমার দত্তের ধামের বাড়ি আনোয়ারা উপজেলার গহিরায়। স্থায়ীভাবে বসবাস করতেন নগরীর মাদারবাড়িতে। ললিত কুমার দত্ত একাধারে ছিলেন আওয়ামী লীগ নেতৃ এবং দক্ষিণ নালাপাড়ার হিন্দু সম্প্রদায়ের অংশোষ্ঠিত অভিভাবক।

৫০০ শীতার্তকে শীতবন্ধ দিলেন চসিক মেয়র রেজাউল

পাঁচশ শীতার্তের হাতে শীতবন্ধ তুলে দিলেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী। সোমবার ৮নং শুলকবহর ওয়ার্ড কাউপিল মোরশেদ আলমের উদ্যোগে শুলকবহর ওয়ার্ডের বাদুরতলা এ কে কনভেনশন সেন্টারে আয়োজিত অনুষ্ঠানে এ শীতবন্ধ বিতরণ করা হয়। এ সময় মেয়র সমাজের বিভিন্নদের দরিদ্র জনগণের সহায়তায় এগিয়ে আসার আহবান জানিয়ে বলেন, প্রতি বছরই তৈরি শীতে অনেক মানুষ প্রাণ হারান, অসুস্থ হয়ে পড়েন। সমাজের বিভিন্ন শ্রেণি এগিয়ে আসলে শীতার্ত মানুষদের প্রাণ রক্ষা সম্ভব। অনুষ্ঠানে কাউপিল আতাউল্লাহ চৌধুরী, শুলকবহর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি আতিকুর রহমান, শাহজান সুফি, আক্তার ফারুক, কফিল উদ্দিন খোকন, তোহিদুল আনোয়ার সেন্টুসহ স্থানীয় নেতৃত্বন্দ উপস্থিত ছিলেন।

**চসিকের ভ্রাম্যমান আদালত
রাষ্ট্রায় নির্মাণ সমগ্রী রাখায় ১১ব্যক্তিকে
৩১হাজার টাকা জরিমানা**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নির্বাহী ম্যাজিস্ট্রেট চৈতী সর্ববিদ্যা'র নেতৃত্বে আজ সোমবার নগরীর পাঁচলাইশ থানা এলাকায় মোবাইল কোর্ট ও উচ্চেদ অভিযান পরিচালিত হয়। অভিযানে পাঁচলাইশ মক্কী মসজিদ সংলগ্ন সৌন্দর্যবর্ধন প্রকল্পের আওতায় নির্মিত স্থাপনার চুক্তির মেয়াদ শেষ হওয়ায় এবং শর্তানুযায়ী কার্যক্রম পরিচালনা না করার কারণে হীত এ ওয়াল ইঞ্জিনিয়ার এর সাথে সম্পাদিত চুক্তি বাতিল করা হয়। ইতোপূর্বে স্থাপনাটি সরিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে সময় দেয়া হয়। কিন্তু নির্ধারিত সময় অতিক্রান্ত হওয়ায় উচ্চেদ অভিযানের মাধ্যমে তিনটি দোকান ভেঙ্গে দেয়া হয়।

এছাড়া আরেক অভিযানে স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মাহজন বাকলিয়া এক্সেস রোডে ব্যবসা প্রতিষ্ঠানের মালামাল ও নির্মাণ সামগ্রী রাষ্ট্রায় রেখে যানবাহন চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টির দায়ে ১১ ব্যক্তির বিরুদ্ধে মামলা রঞ্জু পূর্বক ৩১ হাজার টাকা জরিমানা করা হয়। অভিযানকালে ম্যাজিস্ট্রেটকে সহায়তা করেন সিটি কর্পোরেশনের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ।

স্বাক্ষরিত/-
(আজিজ আহমদ)
জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার
চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮